তারিখ ... 13 MAR 2003
পৃষ্ঠা ... ১ কলাম ... ৭

ভোরের কাগজ

## বগুড়ায় ডিসি-এসপিদের উদ্দেশে শিক্ষা প্রতিমন্ত্রী

# পরীক্ষায় নকলে জড়িত সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশ

মোশাররফ বাবলু ও প্রদীপ ভট্টাচার্য শংকর, বগুড়া থেকে : শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন আসন্ন এসএসসি পরীক্ষায় নকলকারীদের পাশাপাশি নকল সরবরাহকারী এবং পরীক্ষা কেন্দ্রে গোলযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য জেলার ডিসি-এসপিদের নির্দেশ দিয়েছেন।

গত মঙ্গলবার জেলায় নকল ও দুর্নীতিমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের ওপর এক আলোচনা সভায় শিক্ষা প্রতিমন্ত্রী এ নির্দেশ দেন। সভায় সভাপতিত্ব করেন বগুড়ার জেলার প্রশাসক রফিকুল মোহাম্মদ।

শিক্ষা প্রতিমন্ত্রী পরীক্ষায় নকলকারীকে সমাজের ঘৃণ্য ব্যক্তি হিসেবে উল্লেখ করে বলেন, নকল করে বহিষ্কার হলে এক সময় তার লেখাপড়া চিরতরে বন্ধ হয়ে যেতে পারে। ফলে তাদের কর্মজীবন ব্যর্থতায় পর্যবসিত হবে। শুধু তাই নয়, তাদের এই গ্লানি চিরতরে বয়ে বেড়াতে হবে। শিক্ষা প্রতিমন্ত্রী পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীর সঙ্গে অতিরিক্ত অভিভাবক না আসা এবং অযথা ঘোরাঘুরি করে পরীক্ষা গ্রহণে বিঘ্ন সৃষ্টি না করার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণকারীদের প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেন, যারা অসদুপায় অবলম্বন করবে তাদের অবিলম্বে গ্রেপ্তার করে জেলে পাঠাতে হবে। ভুয়া পরীক্ষার্থীদের চিহ্নিত করে তাদের সামাজিকভাবে বয়কট করতে হবে।

বিগত পরীক্ষার কিছু অভিজ্ঞতা বর্ণনা করে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, 'সিক বেডে' পরীক্ষা দানকারীরা সত্যিই অসুস্থ কিনা তা এবার বিশেষভাবে পর্যবেক্ষণ করা হবে। শিক্ষকরা নকলের সঙ্গে জড়িত— এ অপবাদ থেকে শিক্ষকদের বেরিয়ে আসা উচিত। কারণ নকলে সহায়তাকারী হিসেবে শিক্ষকদের জাতি আজ কাঠগড়ায় দাঁড় করিয়েছে। আসন্ন পরীক্ষা নকলমুক্ত পরিবেশে নিয়ে শিক্ষকদের হৃত গৌরব ফিরিয়ে আনতে হবে।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বগুড়ার সংসদ সদস্য হেলালুজ্জামান তালুকদার লালু, কাজী রফিকুল ইসলাম, গোলাম মোহাম্মদ সিরাজ, রাজশাহী বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম, বগুড়ার ডিসি রফিকুল মোহাম্মেদ, বগুড়া ক্যান্টনমেন্ট স্কুলের সহকারী অধ্যক্ষ লে. কর্নেল আবুল বাশার, জয়পুরহাট জেলার ডিসি মহসীন আলী সরদার ও এসপি মোঃ হাবিবুর রহমান, নওগাঁর ডিসি মনিরুল ইসলাম, সিরাজগঞ্জের এসপি এ কে এম শহীদুল হক, বগুড়া জেলা বিএনপির সভাপতি এডভোকেট এ কে এম মাহবুবুর রহমান ও সাধারণ সম্পাদক রেজাউল করিম বাদশা প্রমুখ। এ ছাড়াও সভায় রাজশাহী, নওগাঁ, সিরাজগঞ্জ, গাইবান্ধা, লালমনিরহাট ও বগুড়া জেলার বিভিন্ন উপজেলার ইউএনও, ম্যাজিস্ট্রেট, কেন্দ্র সচিব ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন।